

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৩০, ১৯৯০

৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত
বিজ্ঞাপন ও নোটিশসমূহ
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
চট্টক ভবন, চট্টগ্রাম।

প্রজ্ঞাপন

ঢাকা, ৮ই ফাল্গুন ১৩৯৬/২০শে ফেব্রুয়ারী ১৯৯০

এস, আর, ও নং ৭৬-আইন/৯০—Chittagong Development Authority Ordinance, 1959 (E.P.Ord.LI of 1959) এর Section 84-এ প্রদত্ত ক্ষমতাবলে Chittagong Development Authority সরকারের পূর্ব অনুমতিক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা কর্তৃপক্ষের সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রমাণে নিয়োজিত অথবা চুক্তিভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই প্রবিধানমালার দ্বিতীয় অধ্যায়ের বিধানাবলী ব্যতীত অন্যান্য বিধানাবলীর কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরী শর্ত বা ক্ষেত্রমত চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখিত না থাকিলে উক্ত অন্যান্য বিধানাবলী প্রযোজ্য হইবে না।

(৬৫১৫)

মূল্য : টাকা ৩.৯০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(ক) “অথরিটি” অর্থ Chittagong Development Authority.

(খ) “অসদাচরণ” বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয়, এমন, আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—

(১) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ;

(২) কর্তব্যে অবহেলা;

(৩) কোন আইন সংগত কারণ ব্যতিরেকে অথরিটির কোন আদেশ পরিপত্র অথবা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং

(৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর, মিথ্যা বা অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশ করণ।

(গ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই প্রবিধানমালার অধীন কোন নির্দিষ্ট কার্য নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে অথরিটি কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;

(ঘ) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) “কর্মকর্তা” বলিতে অথরিটি এর কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(চ) “কর্মচারী” বলিতে অথরিটি এর স্থায়ী বা অস্থায়ী যে কোন কর্মচারীকে বুঝাইবে, এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ছ) “তফসিল” বলিতে এই প্রবিধানমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(জ) “ডিগ্রী” বা “ডিপ্লোমা” বা “সার্টিফিকেট” বলিতে ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইন্সটিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগতযোগ্যতা নির্দেশক সার্টিফিকেটকে বুঝাইবে;

(ঝ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে Chittagong Development Authority Ordinance, 1959 (E.P.Ord. LI) এর Section 13 (1) নির্ধারিত নিয়োগকারী কর্তৃপক্ষ, অন্তর্ভুক্ত হইবেন;

(ঞ) “পদ” বলিতে তফসিলে উল্লেখিত কোন পদকে বুঝাইবে;

(ট) “পনায়ন” বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্মস্থল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদূর্ধ্ব সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদূর্ধ্ব সময় পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করা এবং ত্রিশ দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে;

(ঠ) “প্রয়োজনীয় যোগ্যতা” বলিতে কোন পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাকে বুঝাইবে;

(ড) “বাছাই কমিটি” বলিতে প্রবিধান ৪ এর অধীন গঠিত কোন বাছাই কমিটিকে বুঝাইবে;

(ড) "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলিতে, এ প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, অথরিটি কর্তৃক স্বীকৃত কোন ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;

(গ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, অথরিটি কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ত) "স্বীকৃত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং, এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, অথরিটি কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

দ্বিতীয় অধ্যায়

নিয়োগ

৩। নিয়োগ পদ্ধতি।—(১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে;

(২) কোন পদের জন্য কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে নির্ধারিত বয়ঃসীমার মধ্যে না হইলে, তাঁহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে না :

তবে শর্ত থাকে যে সরকারের নির্দেশ অনুসারে কোন বিশেষ শ্রেণীর প্রার্থীগণের ক্ষেত্রে উক্ত বয়ঃসীমা শিথিলযোগ্য হইবে।

৪। বাছাই কমিটি।—কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে, অথরিটি এক বা একাধিক বাছাই কমিটি নিয়োগ করিবেন।

৫। সরাসরি নিয়োগ।—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তির বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতি বদ্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে অথরিটি কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্যদ ব চিকিৎসা কর্মকর্তা তাঁহাকে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন;
- (খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, অথরিটির চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদ দৈনিক পত্রিকা এবং অন্যান্য গণ মাধ্যমে প্রকাশিত উপযুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করিয়া পূরণ করা হইবে এবং এইরূপ নিয়োগ প্রদানের ক্ষেত্রে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে অথরিটি কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগ দান করা হইবে।

৬। শিক্ষানবিসি।—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের জন্য শিক্ষানবিসি থাকিবেন, তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবেন।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকে এবং অথরিটি কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাস করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন।

৭। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) প্রবিধান ১৫ এর বিধান সাপেক্ষে, কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে বাছাইকৃত প্রার্থীদের তালিকা বিবেচনাক্রমে নিয়োগদান করিবে।

(২) কোন ব্যক্তির চাকুরীর রুজান্ত (Service Record) সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৮। প্রেষণে নিয়োগ।—তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন উপযুক্ত কর্মচারীকে অথরিটি এবং সরকার বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের পরস্পরের মধ্যে স্থিরকৃত শর্তাধীনে, নিয়োগ করিতে পারিবেন।

তৃতীয় অধ্যায় চাকুরীর সাধারণ শর্তাবলী

৯। যোগদানের সময়। — (১) এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে, একই পদে বা কোন নূতন যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা :—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন, এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পন্থায় ভ্রমণে প্রকৃতপক্ষে অতিবাহিত সময় :

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-প্রধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীকৃত কর্মচারীকে তাহার নূতন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না, সে ক্ষেত্রে নূতন কর্মস্থলে যোগদানের জন্য একদিনের বৈশী সময় দেওয়া হইবে না, এবং এই উপ-প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এর অধীন প্রাপ্য যোগদানের সময় ছাস বা বৃদ্ধি করিতে পারিবেন।

(৪) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্যত্র বদলী হইলে, অথবা চাকুরীস্থল পরিবর্তন করিতে হয় এমন কোন নূতন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার পুরাতন চাকুরীস্থল হইতে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা উক্ত কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয়, তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে, বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্বর্তীকালীন সময়ে, মেডিকেল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে, তাহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে বদলীর ব্যাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই প্রবিধানের বিধানাবলী অপরিাপ্ত প্রতীয়মান হইলে সেই ক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধি বা আদেশ প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

১০। বেতন ও ভাতা।—সরকার বিভিন্ন সময়ে যেসকল নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেসকল হইবে।

১১। প্রারম্ভিক বেতন। —(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরই হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) কোন ব্যক্তিকে তাহার বিশেষ মেধার স্বীকৃতি স্বরূপ, সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারী করে তদনুসারে অথরিটি এর কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

১২। পদোন্নতির ক্ষেত্রে বেতন। —কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হইলে, সাধারণত সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে, তবে উক্ত সর্বনিম্ন স্তর অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত মূল বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য নির্ধারিত বেতনক্রমের যে স্তরটি তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্তর হয় সেই স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১৩। বেতন বর্ধন। —(১) বেতন বর্ধন স্থগিত রাখা না হইলে, সাধারণত সময়মত নির্ধারিত হারে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধিত হইবে।

(২) বেতন বর্ধন স্থগিত রাখা হইলে, উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয় স্থগিতকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য অথরিটি কোন কর্মচারীকে একসঙ্গে অনধিক দুইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবে।

(৫) যে ক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মঞ্জুরী ব্যতীত তাহার দক্ষতাসীমার অব্যবহিত উপরের বেতন বর্ধন অনুমোদন করা যাইবে না; এইরূপ মঞ্জুরীর ক্ষেত্রে এই মর্মে প্রতিবেদনকারী কর্মকর্তার সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত ছিল।

১৪। জ্যেষ্ঠতা। —(১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা-তালিকা ভিত্তিক সুপারিশ অনুসারে উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যেষ্ঠ হইবেন।

(৪) একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হইবে।

(৫) অথরিটি ইহার কর্মচারীদের গ্রেড-ওয়ারী জ্যেষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) The Government Servants (Seniority of Freedom Fighter) Rules, 1979—এর বিধানসমূহ, উহাতে প্রয়োজনীয় অভিযোজনসহ, অথরিটির কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৫। পদোন্নতি।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবি করিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীর চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৪) সংশোধিত নূতন বেতন স্কেলের টাকা ৩৭০০—৪৮২৫/- ও তদূর্ধ্ব বেতনক্রমের পদসমূহের পদোন্নতি মেধা তথা-জ্যেষ্ঠতার ভিত্তিতে হইবে।

(৫) কোন কর্মচারীকে, ব্যতিক্রম ক্ষেত্র হিসাবে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে, পালা অতিক্রম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১৬। প্রেষণ ও পূর্ব স্বত্ব।—উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, অথরিটি যদি মনে করে যে উহার কোন কর্মচারীর পারদর্শিতা বা তৎকর্তৃক গৃহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন সংস্থা, অতঃপর হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উল্লেখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে অথরিটি এবং হাওলাত গ্রহণকারী সংস্থার পরস্পরের মধ্যে সন্মত মেয়াদে এবং শর্তাধীনে উক্ত সংস্থার কোন পদে প্রেষণে কর্মরত থাকিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে :

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীকে তাহার সন্মতি ব্যতিরেকে প্রেষণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা অথরিটির কোন কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা রহিয়াছে বলিয়া বোধ করিলে উক্ত কর্মচারীর সন্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লেখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাদি নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২) তে যাহা কিছুই থাকুক না কেন, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়-সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

- (ক) প্রেষণের সময়কাল, ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া তিন বৎসরের অধিক হইবে না;
- (খ) অথরিটি-এর চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্বস্বত্ব থাকিবে এবং প্রেষণের মেয়াদ-অন্তে, অথবা উক্ত মেয়াদের পূর্বে, ইহার অবসান ঘটিলে, তিনি অথরিটিতে প্রত্যাবর্তন করিবেন;
- (গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার ভবিষ্য তহবিল ও পেনশন, যদি থাকে, বাবদ প্রাপ্য অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে;

(৪) কোন কর্মচারীর প্রেষণে থাকাকালে, তিনি অথরিটিতে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে, তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে অথরিটিতে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে অথরিটি তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথা সময়ে ফেরত না আসেন, তাহা হইলে, উপ-প্রবিধান (৬) এর বিধান সাপেক্ষে, পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা উক্ত পদে তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণ করা সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয় তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে, এবং এইরূপ ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা ছাড়াই Next below rule অনুযায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে, তবে এইরূপ পদোন্নতি প্রাপ্ত কর্মচারী হাওলাত গ্রহণকারী সংস্থায় প্রেষণে থাকাকালে পদোন্নতিজনিত কোন আর্থিক সুবিধা পাইবেন কি না তাহা অথরিটি ও উক্ত সংস্থার পরস্পরের সম্মতিক্রমে স্থিরীকৃত হইবে।

(৭) শৃঙ্খলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা অথরিটিকে অবিলম্বে অবহিত করিবে

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিরুদ্ধে সূচিত শৃঙ্খলামূলক কার্য ধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ অথরিটি এর নিকট প্রেরণ করিবেন এবং অতঃপর নিয়োগকারী কর্তৃপক্ষ যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়
ছুটি, ইত্যাদি

১৭। বিভিন্ন প্রকারের ছুটি।—(১) কর্মচারীগণ নিম্নবর্ণিত যে কোন ছুটি পাইবেন, যথা :—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ-বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংপরোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যবিধ ছুটি মঞ্জুর করিতে পারে এবং ইহা সাধারণ বন্ধের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) অথরিটি বা ক্ষেত্রমত সরকারের পূর্ব অনুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে।

১৮। পূর্ণ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের $\frac{1}{3}$ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাব একটি পৃথক খাতে জমা দেখানো হইবে; ডায়ারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিত্ত বিনোদন-এর জন্য, উক্ত জমাকৃত ছুটি হইতে পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

১৯। অর্ধ-বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের $\frac{1}{2}$ হারে অর্ধ-বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) ডায়ারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, অর্ধ-বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে একদিনের পূর্ণ বেতনে ছুটির হারে অর্ধ-বেতনে ছুটিকে পূর্ণ বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে এবং এইরূপ রূপান্তরিত ছুটির সর্বোচ্চ পরিমাণ হইবে গড়-বেতনে বার মাস।

২০। প্রাপ্যতাবিহীন ছুটি।—(১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত, এবং অন্য কোন কারণে হইলে, তিন মাস পর্যন্ত অর্ধ-বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত নূতনভাবে উপ-প্রবিধান (১) এর অধীনে কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

২১। বিনাবেতনে অসাধারণ ছুটি।—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনাবেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্ন-বর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে, যথা :—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতি প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি অধিরিচিতে চাকুরী করিবেন, অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন, অথবা

(গ) যে ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকরতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন।

২২। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাহার যথাযথ কর্তব্যে পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আঘাত প্রাপ্ত হইয়া অক্ষম হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা তিন মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে ব্যক্তি অক্ষম হন, সেই ব্যক্তি উক্ত অক্ষমতার কারণ অবিলম্বে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা কর্তৃপক্ষ প্রত্যায়ন করিবে সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঞ্জুর করা হইবে, উক্ত চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যায়ন বাতিরেকে তাহা বর্ধিত করা হইবে না, এবং এইরূপ ছুটি কোনক্রমেই ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে ।

(৫) যদি একই ধরনের অবস্থায় পরবর্তীকালে কোন সময় অক্ষমতারূদ্ধি পায় বা উহার পুনরারুতি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবার মঞ্জুরকৃত ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না, এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঞ্জুর করা যাইবে ।

(৬) শুধুমাত্র আনুতোষিকের এবং, যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্য হয় সেক্ষেত্রে, অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না ।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) উপ-প্রবিধান (৫) এর অধীনে মঞ্জুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চারি মাসের জন্য পূর্ণ বেতন, এবং
(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ-বেতন ।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানসমূহের প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দুর্ঘটনাবশতঃ আঘাতপ্রাপ্ত হইয়া অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ঝুঁকি বর্হিভূত অসুস্থতা বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থতা বা জখমের দরুন অক্ষম হইয়াছেন ।

২৩ । সংগরোধ ছুটি ।—(১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকায় যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইবে সংগরোধ ছুটি ।

(২) অফিস প্রধান, কোন চিকিৎসা কর্মকর্তা বা জন স্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটর অনূর্ধ্ব ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থায় অনূর্ধ্ব ৩০ দিনের জন্য সংগরোধ ছুটি মঞ্জুর করিতে হইবে ।

(৩) সংগরোধ-এর জন্য উপ-প্রবিধান (২) এ উদ্দিষ্ট মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রবিধানমালার অধীন অন্য যে কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে ।

(৪) সংগরোধ ছুটি অন্য যে কোন প্রকার ছুটির সংগে সংযুক্ত করিয়াও মঞ্জুর করা যাইতে পারে ।

(৫) সংরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৪। প্রসূতি ছুটি।—(১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঞ্জুরীর অনুরোধ কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে কর্মচারীর প্রাপ্ত অন্য যে কোন ছুটির সহিত একত্রে বা উহা সম্প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) অথরিটিতে কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহাকে দুই বারের অধিক প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৫। অবসর প্রস্তুতি ছুটি।—(১) কোন কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণবেতনে এবং আরও ছয়মাস অর্ধ-বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পরেও সম্প্রসারিত করা যাইতে পারে, কিন্তু আটম বৎসর বয়সসীমা অতিক্রমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একমাস পূর্বে অবসর প্রস্তুতি ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর-প্রস্তুতি ছুটিতে যাইবেন।

২৬। অধ্যয়ন ছুটি।—(১) অথরিটিতে তাহার চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বৈজ্ঞানিক, কারিগরি বা অনুরূপ সমস্যাাদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য কোন কর্মচারীকে কর্তৃপক্ষ অর্ধ-বেতনে অনধিক বার মাস অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে, এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন-ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যয়ন বা প্রশিক্ষণ ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেক্ষেত্রে সময়ের অক্ষম পূরণকালে উপযুক্ত কর্তৃপক্ষ অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারে।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ-বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন-ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে এইরূপ মঞ্জুরীকৃত ছুটি কোনক্রমেই একত্রে যেন দুই বৎসরের অধিক হইবে না।

২৭। নৈমিত্তিক ছুটি।—সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট যতদিন ছুটি নির্ধারণ করিবে কর্মচারীগণ সেই ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৮। ছুটির পদ্ধতি।—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন অথরিটি কর্তৃক নির্ধারিত ফরমে ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর করিতে পারে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্মে সম্মত হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি, আনুষ্ঠানিক মঞ্জুরী আদেশ সাপেক্ষে উক্ত কর্মচারীকে অনূর্ধ্ব ১৫ দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

২৯। ছুটি কালীন বেতন।—(১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ-বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ-হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবে।

৩০। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।—ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তলব করা হইলে, তিনি যে কর্মস্থলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার পর হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য প্রবিধান ৩৩ অনুসারে তিনি ভ্রমণ-ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩১। ছুটির নগদায়ন।—যে কর্মচারী অবসর ভাতা, সাধারণ ভবিষ্য তহবিল ও অবসর-জনিত সুবিধাদি পরিকল্পনা চালু হওয়া সত্ত্বেও উক্ত পরিকল্পনার সুবিধা গ্রহণের জন্য প্রবিধান ৫২-এর অধীনে ইচ্ছা প্রকাশ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রাত্যাখ্যাত বা অভোগকৃত ৫০% ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন, তবে এইরূপ রূপান্তরিত টাকার মোট পরিমাণ তাহার বার মাসের বেতন অপেক্ষা বেশী হওয়া চলিবে না।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান (১) উল্লেখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

৩২। ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ।—নিয়োগকারী কর্তৃপক্ষ এই অধ্যায়ের অধীন প্রাপ্য সকল প্রকার ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ বা উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে ছুটি মঞ্জুর করিবেন।

পঞ্চম অধ্যায় ভ্রমণ-ভাতা, ইত্যাদি

৩৩। অথরিটির কোন কর্মচারী তাহার দায়িত্ব পালনার্থে বা বদলী উপলক্ষে ভ্রমণকালে যে ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবেন উহার পরিমাণ ও সংশ্লিষ্ট বিষয়াদি এতদুদ্দেশ্যে প্রণীত প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

৩৪। সম্মানী, ইত্যাদি।—(১) অথরিটি উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা বা উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য নগদ অর্থ আকারে বা অন্যভাবে বা সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবে।

(২) এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক সুপারিশকৃত না হইলে উপ-প্রবিধান (১) এর অধীন কোন সম্মানী বা পুরস্কার মঞ্জুর করা হইবে না।

৩৫। দায়িত্ব ভাতা।—কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে, তাহার মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব-ভাতা প্রদান করা হইবে।

৩৬। উৎসব ভাতা ও বোনাস।—সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক অথরিটির কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায় চাকুরীর বৃত্তান্ত

৩৭। চাকুরীর বৃত্তান্ত।—(১) প্রত্যেক কর্মচারীর চাকুরীর বৃত্তান্ত পৃথক পৃথকভাবে রক্ষণাবেক্ষণ করা হইবে এবং উক্ত বৃত্তান্ত অথরিটি কর্তৃক নির্ধারিত চাকুরী বহিতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসর একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি দেখিবার সময় উহাতে কোন বিষয় ভ্রুটিপূর্ণ ভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার দৃষ্টিগোচর করিবেন, এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করিবেন।

৩৮। বার্ষিক প্রতিবেদন।—(১) অথরিটি ইহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবে এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অবহিত হইবে, এবং বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে অথরিটি ইহার কোন নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিরূপ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ৎ প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সুযোগ দেওয়া হইবে।

সপ্তম অধ্যায় সাধারণ আচরণ ও শৃংখলা

৩৯। আচরণ ও শৃংখলা।—(১) প্রত্যেক কর্মচারী—

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চলিবেন, এবং
- (গ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত অথরিটির চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশ গ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে টাকা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং অথরিটির স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না।
- (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না;
- (গ) অথরিটির সহিত লেন-দেন রহিয়াছে কিংবা লেন-দেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না;
- (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসায় পরিচালনা করিবেন না;

(চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে, বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না, এবং

(ছ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতীত কোন খণ্ডকালীন কর্মের দায়িত্ব গ্রহণ করিবেন না ।

(৩) কোন কর্মচারী অথরিটির নিকট বা উহার কোন অথরিটির নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না, কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে ।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে অথরিটির কোন সদস্য বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা অন্যবিধ প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না ।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ-সদস্য বা অন্য কোন বেসরকারী বা সরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না;

(৬) কোন কর্মচারী অথরিটির বিষয়াদি সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ব্যতীত সংবাদ পত্র বা অন্য কোন গণ-মাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না ।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগত ঋণ-গ্রন্থতা পরিহার করিবেন ।

৪০ । দণ্ডের ভিত্তি ।—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী—

(ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা

(গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা

(ঘ) অদক্ষ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন, অথবা

(ঙ) নিম্নবর্ণিত কারণে দুনীতিপরায়ণ হন বা যুক্তি সংগতভাবে দুনীতিপরায়ণ বলিয়া বিবেচিত হন, যথা :—

(অ) তিনি বা তাহার কোন পোষা বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ অর্থ সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন, অথবা

- (আ) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবনযাপন করেন, অথবা
- (চ) চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ বা প্রতারণার দায়ে দোষী হন, অথবা
- (ছ) অথরিটি বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতামূলক কার্যে লিপ্ত হন, বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে যে উক্ত অন্যান্য ব্যক্তিগণ অথরিটি বা জাতীয় নিরাপত্তা হানিকর বা নাশকতামূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং সেই কারণে তাহার চাকুরীতে রাখা সমীচীন নহে বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারেন।

৪১। দণ্ডসমূহ।—(১) এই প্রবিধানের অধীনে নিম্নরূপ দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথা :—

(ক) নিম্নরূপ লঘু দণ্ড, যথা :—

(অ) তিরস্কার;

(আ) নির্দিষ্ট সময়ের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন স্থগিত;

(ই) অনধিক ৭ দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন;

(খ) নিম্নরূপ গুরু দণ্ড, যথা :—

(অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনত করণ;

(আ) কর্মচারী কর্তৃক সংঘটিত অথরিটির আর্থিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন অন্য কোন খাতের পাওনা হইতে আদায় করণ;

(ই) চাকুরী হইতে অপসারণ, এবং

(ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে বরং চাকুরী হইতে বরখাস্ত হওয়ার ক্ষেত্রে, ভবিষ্যতে অথরিটির চাকুরীতে নিযুক্ত হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবে।

৪২। ধরসাম্বন্ধ কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) প্রবিধান ৪০ (ছ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

- (ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লেখিত তারিখ হইতে তাহার প্রাপ্য কোন প্রকার ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন,
- (খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করে সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন, এবং
- (গ) উপ-প্রধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটির নিকট কর্মচারীর বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবেন; তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, অথরিটি বা জাতীয় নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে সেক্ষেত্রে তাহাকে অনুরূপ কোন সুযোগ প্রদান করা হইবে না।

(২) এই প্রবিধানের অধীন কোন কার্য ধারায় তদন্ত সম্পন্ন করিবার জন্য কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মচারীর পদ-মর্যাদার নিম্নে নহেন এমন তিন জন কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেইরূপ উপযুক্ত বলিয়া মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪৩। লঘু দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) এই প্রবিধানমানার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরস্কার অপেক্ষা গুরুতর দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে, এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি না তাহা জানাইবার জন্য তাহাকে নির্দেশ প্রদান করিবে, এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা, নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘু দণ্ড প্রদান করিতে পারে যাহাতে অভিযুক্ত ব্যক্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে সমগ্র কার্যক্রম সমাপ্ত হয় :

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি অতিরিক্ত সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ, যথাযথ মনে করিলে, কৈফিয়ত পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত সময় বৃদ্ধির অনুমতি প্রদান করিতে পরিবেন :

আরও শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তির পদ মর্যাদার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবেন, এবং এইরূপ নিয়োগের ক্ষেত্রে, এই প্রবিধানের অধীন অনুমোদনযোগ্য সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করার জন্য উক্ত কর্মকর্তাকে নির্দেশ দিবে; কিন্তু তদন্তকারী কর্মকর্তা যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তবে তিনি তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে সময় বৃদ্ধির জন্য অনুরোধ করিবেন এবং আদেশদানকারী কর্তৃপক্ষ, অনুরোধটি বিবেচনার পর যথাযথ মনে করিলে, অতিরিক্ত পনেরটি কার্যদিবসের জন্য উক্ত সময় বৃদ্ধি মঞ্জুর করিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পনেরটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা, প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন এবং এইরূপ আদেশ প্রদান করা হইলে, তদন্তকারী কর্মকর্তা উক্ত আদেশের তারিখ হইতে পনেরটি কার্যদিবসের মধ্যে এইরূপ তদন্ত সমাপ্ত করিবেন।

(৩) অধিকতর তদন্তের প্রতিবেদন প্রাপ্তির বিশটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে তাহাকে এই প্রবিধানের অধীন অবহিত করার তারিখ হইতে নব্বইটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে ব্যর্থ হইলে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহৃত হইয়াছে এবং তদনুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এইরূপ ব্যর্থতার জন্য দায়ী ব্যক্তি বা ব্যক্তিগণ কৈফিয়ত দিতে বাধ্য থাকিবেন এবং উক্ত কৈফিয়ত সন্তোষজনক না হইলে, তাহার বা তাহাদের বিরুদ্ধে অদক্ষতার দায়ে এই প্রবিধানমালার অধীনে কার্যধারা সূচনা করা যাইতে পারে।

(৫) যেক্ষেত্রে প্রবিধান ৪০-এর দফা (ক) বা (খ) বা (ঘ)-এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয়, এবং কর্তৃপক্ষ এইরূপ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কারের দণ্ড প্রদান করা যাইতে পারে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীকে ব্যক্তিগতভাবে গুনানীর সুযোগদান করতঃ দণ্ডের কারণ লিপিবদ্ধ করার পর, অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দণ্ড আরোপ করিতে পারে, তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অস্বীকার করেন, তাহা হইলে অনুরূপ গুনানী ব্যতিরেকে তাহার উপর উক্ত তিরস্কারের দণ্ড আরোপ করা যাইবে, অথবা উপ-প্রবিধান (১), (২), (৩) ও (৪)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুতর অন্য কোন লঘু দণ্ড আরোপ করা যাইবে, যদি অভিযুক্ত ব্যক্তি দাবী করেন যে, তাহাকে লিখিতভাবে অভিযোগ জানানাই হইবে, তাহা হইলে উপ-প্রবিধান (১), (২), (৩) ও (৪)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, এবং অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুতর অন্য কোন লঘু দণ্ড আরোপ করিতে হইবে।

৪৪। গুরু দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) যে ক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীনে কোন কার্যধারা সূচনা করিতে হইবে এবং কর্তৃপক্ষ এইরূপ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে গুরু দণ্ড আরোপ করার প্রয়োজন হইবে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ—

- (ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং প্রস্তাবিত দণ্ডের বিষয় উহাতে উল্লেখ করিবে এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়া উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময় অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে তাহাও কর্মচারীকে অবহিত করিবে;
- (খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগনামা অবহিত করার পর দশটি কার্যদিবসের মধ্যে তিনি তাহার আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দণ্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না তৎসম্পর্কে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি না তাহাও উক্ত বিবৃতিতে উল্লেখ করিবেন :

তবে শর্ত থাকে যে, উল্লেখিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহার লিখিত বিবৃতি পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারে।

(২) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উপ-প্রবিধান (১) (খ) তে উল্লেখিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত সকল বিষয়াদি প্রমাণসহ তাহার লিখিত বিবৃতি বিবেচনা করিবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদনুসারে উক্তধারা নিষ্পত্তি হইবে,
- (খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হইলে লঘু দণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে/ব্যক্তিবর্গকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগদান করিয়া তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে যে কোন একটি লঘু দণ্ড প্রদান করিতে পারিবে, অথবা লঘু দণ্ড আরোপের উদ্দেশ্যে প্রবিধান ৪৩-এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত প্রবিধানে বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করিতে পারিবে।
- (গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর গুরু দণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অনুরূপ একাধিক কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিবেন।

(৩) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উপ-প্রবিধান (১) এ উল্লেখিত বা বর্ণিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময়সীমা বা বর্ধিত সময় শেষ হওয়ার তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অনুরূপ একাধিক কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা, ক্ষেত্র বিশেষে, তদন্ত কমিটি তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রবিধান ৪৫-এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন, এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি, নিয়োগের তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে, কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবে :

তবে শর্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদত্ত কার্য সম্পন্ন করিতে না পারিলে, লিখিতভাবে কারণ উল্লেখ করিয়া তদন্তের সময় বৃদ্ধির জন্য তদন্তের আদেশকারী কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাইতে পারেন, এবং আদেশকারী কর্তৃপক্ষ, উক্ত অনুরোধ বিবেচনা করিয়া প্রয়োজন মনে করিলে, অনূর্ধ্ব বিশটি কার্যদিবস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারে।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটির তদন্ত-প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদন বিবেচনা করিবে এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবে, এবং প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে বিশটি কার্যদিবসের মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্তটি জানাইবে।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) মোতাবেক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে, প্রস্তাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে সাতটি কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার জন্য তাহাকে নির্দেশ দিবে।

(৭) কর্তৃপক্ষ, উপ-প্রবিধান (৬)-এ উল্লেখিত সময় অতিবাহিত হওয়ার পর পনেরটি কার্যদিবসের মধ্যে উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবে।

(৮) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগ সম্পর্কে অবহিত করার পর একশত আশিটি কার্যদিবসের মধ্যে এই প্রবিধানের অধীনে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে কর্তৃপক্ষ ব্যর্থ হইলে, অভিযুক্ত ব্যক্তি তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ হইতে আপনা হইতেই অব্যাহতি পাইয়াছেন বলিয়া গণ্য হইবে, এবং সেক্ষেত্রে যে ব্যক্তি বা ব্যক্তিবর্গ এইরূপ ব্যর্থতার জন্য দায়ী তিনি বা তাহারা ইহার কৈফিয়ত প্রদান করিতে বাধ্য থাকিবেন এবং যদি উক্ত কৈফিয়ত সন্তোষজনক না হয়, তবে তাহার বা তাহাদের বিরুদ্ধে অদক্ষতার দায়ে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(৯) এই প্রবিধানের অধীন তদন্ত কার্যধারায় পর্যাণ্ড সাক্ষ্য প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটির প্রতিবেদন উক্ত সাক্ষ্য প্রমাণ ও যুক্তিসংগত কারণের ভিত্তিতে প্রস্তুতকৃত হইতে হইবে।

(১০) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে ।

৪৫ । তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্য-প্রণালী।—(১) তদন্ত কর্মকর্তা প্রতিদিন সংশ্লিষ্ট বিষয় শুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া, উক্ত শুনানী মূলতবী রাখিবেন; বা

(২) এই প্রবিধানের অধীনে পরিচালিত তদন্তের ক্ষেত্রে, অভিযুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ স্বীকার করেননি সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ্য শুনানীও লিপিবদ্ধ করা হইবে এবং উক্ত অভিযোগসমূহের ব্যাপারে প্রাসংগিক বা গুরুত্বপূর্ণ দলিল বিবেচনা করা হইবে । অভিযুক্ত ব্যক্তি তাহার প্রতিপক্ষের সাক্ষীগণকে জেরা করার এবং তিনি নিজে সাক্ষ্য প্রদান করার এবং তাহার পক্ষ সমর্থন করার জন্য কোন সাক্ষীকে তলব করার অধিকারী হইবেন । অভিযোগ ও সংশ্লিষ্ট সকল বিষয় উপস্থাপনকারী ব্যক্তি ও অভিযুক্ত ব্যক্তি এবং তাহার তলবকৃত সাক্ষীগণকে জেরা করার অধিকারী হইবেন । অভিযুক্ত ব্যক্তি প্রাসংগিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে নথির টোকার অংশ কোন প্রকারেই দেখিতে দেওয়া হইবে না । অভিযুক্ত ব্যক্তিকে যে লিখিত বিরূতি প্রদানের নির্দেশ দেওয়া হইবে, তিনি তাহা লিখিয়া স্বাক্ষর করিবেন, এবং যদি অভিযুক্ত ব্যক্তি তাহা স্বাক্ষর করিতে অস্বীকার করেন তাহা হইলে তদন্তকারী কর্মকর্তা ঐ বিষয়টি লিপিবদ্ধ করিয়া রাখিবেন ।

(৩) তদন্তকারী কর্মকর্তা, কারণ লিপিবদ্ধ করিয়া, কোন নির্দিষ্ট সাক্ষীকে তলব করিতে বা কোন নির্দিষ্ট সাক্ষ্য তলব করিতে বা উহা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারেন ।

(৪) কর্তৃপক্ষ অভিযোগ ও উহার সমর্থনে অন্যান্য সকল বিষয় তদন্তকারী কর্মকর্তার নিকট উপস্থাপনের জন্য যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারেন ।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান করিতেছেন বা প্রদানের চেষ্টা করিতেছেন তাহা হইলে তিনি অভিযুক্ত ব্যক্তিকে ঐ ব্যাপারে সতর্ক করিয়া দিবেন, এবং ইহার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাজ করিতেছেন, তাহা হইলে তিনি সেই মর্মে তাহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের জন্য তিনি যে পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করেন সেই পদ্ধতিতে তদন্ত সমাপ্ত করিবেন ।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ উক্ত কর্মকর্তার কর্তৃত্বের প্রতি অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসংগিক ঘটনাবলী ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন । অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে প্রবিধান ৪০ (ঘ) মোতাবেক অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারে ।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর দশটি কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন ।

(৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কি না তাহা উল্লেখপূর্বক তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনের প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন, তবে তিনি শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবেন না।

(৯) কর্তৃপক্ষ কোন বিষয়ে উপযুক্ত বলিয়া মনে করিলে, এই প্রবিধানমালার অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করার পরিবর্তে একাধিক ব্যক্তির সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিতে পারেন, এবং সেক্ষেত্রে অনুরূপ কোন তদন্ত কমিটি নিয়োগ করা হয়, সেক্ষেত্রে এই প্রবিধানে তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উল্লেখিত বিষয় তদন্ত কমিটির ক্ষেত্রে উল্লেখিত বিষয় তদন্ত কমিটির ক্ষেত্রে উল্লেখিত বিষয় বলিয়া বিবেচিত হইবে।

(১০) উপ-প্রবিধান (৯) এর অধীনে নিযুক্ত কমিটির কোন সদস্যের অনুপস্থিতির কারণে উহার কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্ন হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৪৬। সাময়িক বরখাস্ত।—(১) প্রবিধান ৪০-৪১ এর অধীনে কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে দণ্ড প্রদানের সম্ভাবনা না থাকিলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারে :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লেখিত তারিখ হইতে তাহার ছুটি প্রাপ্যতা সাপেক্ষে, তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে প্রদত্ত সাময়িক বরখাস্তের আদেশ ত্রিশটি কার্যদিবস অতিবাহিত হওয়ার পর বাতিল হইয়া যাইবে, যদি না উক্ত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পূর্বে প্রবিধান ৪৪ এর অধীনে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ তাহাকে অবহিত করা হয়।

(৩) যেক্ষেত্রে কোন কর্মচারীর প্রতি আরোপিত চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণের দণ্ড কোন আদালত বা প্রশাসনিক ট্রাইবুনালের সিদ্ধান্তের দ্বারা বা উহার ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত হয় এবং কর্তৃপক্ষ বিষয়টির পরিস্থিতি বিবেচনার পর মূলতঃ যে অভিযোগের ভিত্তিতে তাহাকে বরখাস্ত বা অপসারণের দণ্ড দেওয়া হইয়াছিল সেই ব্যাপারে তাহার বিরুদ্ধে অধিকতর তদন্তকার্য চালাইবার সিদ্ধান্ত গ্রহণ করে, সেক্ষেত্রে উক্ত বরখাস্ত বা অপসারণের দণ্ড আরোপের আদেশের তারিখ হইতে উক্ত কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৪) কোন কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকবার সময়ে, অনুরূপ ক্ষেত্রে সরকারী কর্মচারীগণের প্রতি প্রযোজ্য বিধি বা আদেশ বা নির্দেশ অনুযায়ী উহাতে প্রয়োজনীয় অভিযোজনসহ, খোরাকী ভাতা পাইবেন।

(৫) ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কারাগারে সোপর্দ [কারাগারে সোপর্দ অর্থে “হেফাজতে” (Coustody) রক্ষিত ব্যক্তিগণও অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে] কর্মচারীকে প্রেফতারের

তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং তাহার বিরুদ্ধে এই প্রবিধানমালা অধীন সূচিত কার্যধারা পরিসমাপ্ত না হওয়া পর্যন্ত তিনি যথারীতি খোরাকী ভাতা পাইবেন ।

৪৭ । পুনর্বহাল ।—(১) যদি প্রবিধান ৪২ (১) (ক) মোতাবেক ছুটিতে প্রেরিত কোন কর্মচারীকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত, বা পদাবনত করা না হইয়া থাকে, তবে তাহাকে চাকুরীতে পুনর্বহাল করা হইবে অথবা, ক্ষেত্র বিশেষে, তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সমপদমর্যাদা প্রদান করা হইবে এবং ঐ ছুটি-কালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে ।

(২) সাময়িকভাবে বরখাস্ত কোন কর্মচারীকে পূর্ণ বহালের বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা (Bangladesh Service Rules) প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে ।

৪৮ । ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মচারী ।—ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মচারী কারাগারে সোপদ হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাহার বিরুদ্ধে মামলা পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিতিকালের জন্য তিনি কোন বেতন, ছুটিকালীন বেতন বা উক্ত সোপদ থাকাকালীন অন্যান্য ভাতাদি (খোরাকী ভাতা ব্যতীত) পাইবেন না । মামলার পরিস্থিতি অনুসারে তাহার বেতন ও ভাতাদি, উক্ত ঋণ বা অপরাধ সংক্রান্ত মামলা নিষ্পত্তির পর, সমন্বয় সাধন করা হইবে । তিনি অভিযোগ হইতে খালাস পাইলে, অথবা ঋণের দায়ে কারাবরণের ক্ষেত্রে, উক্ত দায় তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে উদ্ভব হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, তাহার প্রাপ্য বেতন ভাতাদির টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে । এইরূপ তাহাকে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবে; এবং এইরূপে প্রাপ্য বেতন, ভাতাদি বাবদ সম্পূর্ণ টাকা অপেক্ষা কম টাকা প্রদান করা হইলে, উক্ত সময় কর্তব্যকাল বা ছুটি বলিয়া গণ্য হইবে, কিন্তু আদেশদানকারী কর্তৃপক্ষ সেই মর্মে নির্দেশ প্রদান না করিলে এইরূপ গণ্য করা হইবে না ।

৪৯ । আদালতের বিরুদ্ধে আপীল ।—(১) কোন কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের কোন দণ্ডাদেশ বা চাকুরীর শর্তাদি সংক্রান্ত কোন আদেশ দ্বারা সংযুক্ত হইলে Chittagong Development Authority Ordinance 1959 (E.P.Ord. LI of 1959) এর Section 19/27-তে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবে । সেই কর্তৃপক্ষ যে কর্তৃপক্ষের অবাবহিত অধঃস্তন তাহার নিকট, অথবা যেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধঃস্তন কোন কর্তৃপক্ষ আদেশদান করিয়াছেন, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবেন ।

(২) আপীল কর্তৃপক্ষ নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করিবেন, যথাঃ—

- (ক) এই প্রবিধান মালায় নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কি না, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কি না;
- (খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত ন্যায় সংগত কি না;
- (গ) আরোপিত দণ্ড মাত্রারিক্ত, পর্যাপ্ত বা অপর্യാপ্ত কি না ।

(৩) উপ-প্রবিধান (২)-এ উল্লেখিত বিষয়সমূহ বিবেচনার পর আপীল কর্তৃপক্ষ যে আদেশ দান করা উপযুক্ত বলিয়া বিবেচনা করে, আপীল দায়েরের ষাটটি কার্যদিবসের মধ্যে, সেই আদেশ প্রদান করিবেন।

(৪) যেক্ষেত্রে সরকার কর্তৃপক্ষ হিসাবে দণ্ড আরোপ করে, সেইক্ষেত্রে সরকারের আদেশের বিরুদ্ধে কোন আপীল দায়ের করা চলিবে না, তবে সরকারের নিকট বিষয়টি পুনর্বিবেচনার জন্য আবেদন করা যাইবে।

৫। আপীল বা পুনর্বিবেচনার দরখাস্ত উহার কারণ সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ করিয়া দরখাস্তের সহিত প্রাসংগিক কাগজাদি দাখিল করিতে হইবে।

৫০। আপীল ও পুনর্বিবেচনার দরখাস্ত দাখিলের সময়সীমা।—যে আদেশের বিরুদ্ধে আপীল বা পুনর্বিবেচনার দরখাস্ত দাখিল করা হইবে সংশ্লিষ্ট কর্মচারী তৎসম্পর্কে অবহিত হওয়ার তিন মাসের মধ্যে উহার বিরুদ্ধে আপীল বা ক্ষেত্রমত পুনর্বিবেচনার দরখাস্ত দাখিল না করিলে উক্ত আপীল বা পুনর্বিবেচনার দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না :

তবে শর্ত থাকে যে, বিলম্বের কারণ সম্পর্কে সন্তুষ্ট হইয়া যথায় মনে করিলে আপীল কর্তৃপক্ষ বা পুনর্বিবেচনার ক্ষেত্রে, সরকারী উক্ত তিন মাস অতিবাহিত হওয়া সত্ত্বেও পরবর্তী তিন মাসের মধ্যে কোন আপীল বা পুনর্বিবেচনার দরখাস্ত বিবেচনার জন্য গ্রহণ করিতে পারেন।

৫১। আদালতে বিচারার্থী কার্যধারা।—(১) কোন কর্মচারীর বিরুদ্ধে কোন আদালতে একই বিষয়ের উপর কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারার্থী থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা সমাপনের ব্যাপারে কোন বাধা থাকিবে না। কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে উক্ত আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পন্ন না হওয়া পর্যন্ত এইরূপ দণ্ডারোপ স্থগিত থাকিবে।

(২) কোন কর্মচারী Public Servants (Dismissal on conviction) Ordinance, 1985 (Vol.1985) এ বর্ণিত কোন অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইয়া সাজাপ্রাপ্ত হইলে উক্ত কর্মচারীকে এই বিধিমালায় অধীনে শাস্তি প্রদান করা যাইবে কি না কর্তৃপক্ষ তাহা স্থির করিবে।

(৩) এই বিধির অধীনে কোন কর্মচারীকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে কর্তৃপক্ষ বিষয়টির পরিস্থিতিতে যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করে সেইরূপ দণ্ড প্রদান করিতে পারে এবং এইরূপ দণ্ড প্রদানের জন্য কোন কার্যধারা সূচনা করার প্রয়োজন হইবে না এবং প্রস্তাবিত দণ্ডের বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্যও এই কর্মচারীকে কোন সুযোগ দেওয়ার প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (৩) এর অধীনে সংশ্লিষ্ট কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ না করার সিদ্ধান্ত গ্রহণ করিলে, তৎসম্পর্কে কর্তৃপক্ষ অথরিটি অথবা অথরিটি নিজেই কর্তৃপক্ষ হইলে, সরকারের অনুমোদন গ্রহণ করিবে।

অষ্টম অধ্যায় অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৫২। ভবিষ্য-তহবিল।— (১) অথরিটি উহার কর্মচারীগণের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল নামে একটি তহবিল গঠন করিবে, যাহাতে প্রত্যেক কর্মচারী এবং অথরিটি, সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে, চাঁদা প্রদান করিবে; এবং উক্ত তহবিল সংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকার কর্তৃক প্রণীত Contributory Provident Fund Rules, 1979.....প্রয়োজনীয় অভিযোজনসহ প্রযোজ্য হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সত্ত্বেও, এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে বিদ্যমান অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল, অতঃপর উক্ত তহবিল বলিয়া উল্লেখিত, এই প্রবিধানের অধীনে গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত তহবিলে উক্তরূপ প্রবর্তনের পূর্বে চাঁদার ও উহা হইতে অগ্রিম প্রদানসহ গৃহীত যাবতীয় কার্যক্রম এই প্রবিধানমানার অধীনে গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫৩। আনুতোষিক—(১) নিম্নোক্ত যে কোন কর্মচারী আনুতোষিক পাইবেন, যথাঃ—

- (ক) যিনি অথরিটিতে কমপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন এবং শাস্তি স্বরূপ চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হন নাই বা তাহার চাকুরীর অবসান ঘটান হয় নাই;
- (খ) কমপক্ষে তিন বৎসর চাকুরী করিবার পর যিনি কর্তৃপক্ষের অনুমতিসহ চাকুরী হইতে পদত্যাগ বা চাকুরী ত্যাগ করিয়াছেন;
- (গ) তিন বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নরূপ কারণে যে কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথাঃ—
 - (অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাটাই হইয়াছেন;
 - (আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থ্যের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত করা হইয়াছে; অথবা
 - (ই) চাকুরীরত থাকাকালে তিনি মৃত্যু বরণ করিয়াছেন।

(২) কোন কর্মচারীকে তাহার চাকুরীর প্রত্যেক পূর্ণ বৎসর বা আংশিক বৎসরের ক্ষেত্রে, একশত বিশটি কার্য দিবস বা তদুর্ধ্ব কোন সময়ের চাকুরীর জন্য, এক মাসের মূল বেতনের হারে আনুতোষিক প্রদান করা হইবে।

(৩) সর্বশেষ গৃহীত বেতন আনুতোমিক গণনার মূল ভিত্তি হইবে ।

(৪) কোন কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোমিক প্রাপ্য হইলে যাহাতে তাহার মনোনীত/ব্যক্তি বা ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন তজ্জন্য প্রত্যেক কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন, এবং ফরমটি উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষের নিকট জমা দিবেন ।

(৫) কোন কর্মচারী উপ-প্রবিধান (৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিলে, মনোনয়ন পত্রে তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপে উল্লেখ করিবেন যেন আনুতোমিকের সম্পূর্ণ টাকা উহাতে অন্তর্ভুক্ত হয়, এবং যদি এইরূপে উল্লেখ করা না হয় তবে টাকার পরিমাণ সমান অংশে ভাগ করা হইবে ।

(৬) কোন কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়নপত্র বাতিল করিতে পারেন এবং এইরূপ বাতিল করিলে, তিনি উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫)-এর বিধান অনুসারে একাই নূতন মনোনয়ন-পত্র জমা দিবেন ।

(৭) কোন কর্মচারী মনোনয়নপত্র জমা না দিয়া মৃত্যু বরণ করিলে, তাহার আনুতোমিকের টাকা উত্তরাধিকার প্রমাণ-পত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে ।

৫৪। অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি।— (১) অথরিটি, সরকারের পূর্ব অনুমোদক্রমে, লিখিত আদেশ দ্বারা, সাধারণ ভবিষ্য তহবিল, অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিকল্পনা চালু করিতে পারিবে এবং এইরূপ পরিকল্পনা সংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকারী কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা ও সরকার কর্তৃক তৎসম্পর্কে সময় সময় জারীকৃত আদেশ বা নির্দেশ, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে ।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লেখিত পরিকল্পনা চালু করা হইলে, প্রত্যেক কর্মচারী, অথরিটি কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত তারিখের মধ্যে, উক্ত পরিকল্পনার আওতাধীন হইবার বা না হইবার ইচ্ছা জ্ঞাপন করিয়া উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবেন ।

(৩) উক্ত পরিকল্পনার আওতাধীন হইবার জন্য উপ-প্রবিধান (২)-এর অধীন ইচ্ছা প্রকাশকারী কোন কর্মচারী উক্তরূপ ইচ্ছা প্রকাশের সময় অংশে প্রদায়ক ভবিষ্য তহবিল চাঁদা প্রদানকারী কর্মচারী হইয়া থাকিলে,—

(ক) উক্ত তহবিলে তাহার প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত হইবে;

(খ) অথরিটি কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ অথরিটি ফেরত পাইবে এবং অথরিটি উক্ত চাঁদা ও সুদ, উহার সিদ্ধান্ত মোতাবেক, অবসর ভাতা পরিকল্পনা বা অন্য কোন খাতে ব্যবহার করিতে পারিবেন;

- (গ) অথরিটির সিদ্ধান্ত সাপেক্ষে, তাহার পূর্বতন চাকুরীকাল অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির উদ্দেশ্যে গণনাযোগ্য চাকুরীকাল হিসাবে গণনা করা হইবে।

নবম অধ্যায়

অবসর গ্রহণ, চাকুরী অবসান ইত্যাদি

৫৫। অবসর গ্রহণ, ইত্যাদি বিষয়ে Act XII of 1974 এর প্রয়োগ।— অবসর গ্রহণ এবং উহার পর পুনর্নিয়োগের ব্যাপারে Public Servants Retirement Act 1974 (XII of 1974) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫৬। চাকুরীর অবসান, চাকুরী হইতে অপসারণ, ইত্যাদি।— (১) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া, এবং এক মাসের নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া, কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পরিবেন এবং শিক্ষানবিস তাহার চাকুরীর অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

(২) এই প্রবিধানমালায় উল্লিখিত যাহা কিছুই থাকুক না কেন, উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়াই কোন কর্মচারীকে নব্বই দিনের নোটিশ দান করিয়া অথবা নব্বই দিনের বেতন নগদ পরিশোধ করিয়া তাঁহাকে চাকুরী হইতে অপসারণ করিতে পারিবেন।

৫৭। ইস্তফাদান, ইত্যাদি।— (১) কোন কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক তিন মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না, এবং ঐরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, অথরিটিকে তাহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন শিক্ষানবিস তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি অথরিটিকে তাহার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) যে কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হইয়াছে তিনি অথরিটির চাকুরীতে ইস্তফাদান করিতে পারিবেন না :

তবে শর্ত থাকে যে অথরিটি কোন বিশেষ ক্ষেত্রে যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইস্তফাদানের অনুমতি দিতে পারে।

দশম অধ্যায়
বিবিধ

৫৮। অসুবিধা দূরীকরণ।— যেক্ষেত্রে এই প্রবিধানমালার কোন বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য কোন বিধিমালা বা আদেশ বা নির্দেশ প্রয়োগ বা অনুসরণের বিধান আছে, কিন্তু ইহা প্রয়োগে বা অনুসরণে অসুবিধা দেখা দেয়, সেক্ষেত্রে অথরিটি সরকারের কোন সাধারণ বা বিশেষ নির্দেশ সাপেক্ষে, লিখিত আদেশ দ্বারা, উক্ত বিষয়ে প্রযোজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং এই ব্যাপারে অথরিটির সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

তফসিল
(অংশ-১, প্রশাসনিক বিভাগ)
[প্রবিধান-২ (ছ) দ্রষ্টব্য]

ক্রমিক নং।	পদের নাম	সরাসরি নিয়োগের জন্য বয়স সীমা।	সরাসরি নিয়োগের পদ্ধতি।	সরাসরি নিয়োগের ক্ষেত্র যোগ্যতা।	পদোন্নতির জন্য যোগ্যতা।
১	২	৩	৪	৫	৬
১	সচিব	অনুর্ধ্ব ৪০ বৎসর	(১) সহকারী সচিবের পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	মাতক ডিপ্লীসহ প্রশাসনিক কাজে ১০ বৎসরের অভিজ্ঞতা, সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীনে প্রথম শ্রেণীর পদে উক্ত অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধি- কার দেওয়া হবে।	সহকারী সচিব হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতা।
২	অর্থ ও হিসাব রক্ষণ অফিসার।	অনুর্ধ্ব ৩৫ বৎসর	(১) নিম্নবর্ণিত কর্মকর্তাদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :- (ক) হিসাব রক্ষক ও (খ) অডিট অফিসার। (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	বাগিজো মাস্টার ডিপ্লীসারী বা রেজিস্টার্ড একাউন্ট্যান্ট বা চার্টার্ড একাউন্ট্যান্ট এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা।	হিসাব রক্ষক বা অডিট অফিসার হিসাবে ১৫ বৎসরের অভিজ্ঞতা।

৩ সহকারী সচিব

অনুর্ধ্ব ৩০ বৎসর

- (১) নিম্নবর্ণিত কর্মকর্তাদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :-
 (ক) এষ্টেট অফিসার, এবং
 (খ) মূল্যায়ন অফিসার ।
 (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ।

(ক) স্নাতক ডিগ্রীসহ প্রশাসনিক কাজ ৭ বৎসরের অভিজ্ঞতা ।
 (খ) সরকারী, আধা সরকারী, স্বায়ত্ব-শাসিত সংস্থা বা স্বাতন্ত্র্য বাণিজ্যিক প্রতিষ্ঠানের প্রশাসনিক কাজ বা এষ্টেট ম্যানেজ-মেন্ট, ব্যাংকিং বা জমি হুকুম দখল বিষয়ে জান ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে ।

(ক) স্নাতক ডিগ্রীসহ সার্ভে ও স্টেটমেন্ট যোগ্যতা এবং কোন এষ্টেট ম্যানেজমেন্ট এবং ব্যাংকিং বিষয়ে ৫ বৎসরের অভিজ্ঞতা ।

৪ (ক) এষ্টেট অফিসার

অনুর্ধ্ব ৩২ বৎসর

- (খ) মূল্যায়ন অফিসার
 (১) নিম্নবর্ণিত কর্মকর্তাদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :-
 (ক) সেকশন অফিসার,
 (খ) সিকিউরিটি অফিসার,
 (গ) পারচেজ অফিসার,
 (ঘ) মার্কেট সুপারিনটেন-ডেন্ট, এবং
 (ঙ) কালেকশান সুপারিন-টেনডেন্ট ।
 (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ।

সেকশন অফিসার বা সিকিউরিটি অফিসার বা পারচেজ অফিসার বা মার্কেট সুপারিনটেনডেন্ট বা কালেক-শন সুপারিনটেনডেন্ট হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে ।

স্নাতক ডিগ্রীসহ সার্ভে ও স্টেটমেন্ট যোগ্যতা এবং কোন এষ্টেট ম্যানেজমেন্ট এবং ব্যাংকিং বিষয়ে ৫ বৎসরের অভিজ্ঞতা ।

১	২	৩	৪	৫	৬
৫ (ক) অডিট অফিসার (খ) হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩২ বৎসর	(১) নিম্নবর্ণিত কর্মচারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :- (ক) জুনিয়ার হিসাব রক্ষক, (খ) ক্যানিয়ার তবে পদোন্নতির জন্য কাছাকাড় যোগ্য পাওয়া না গেলে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য, এবং (২) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	বাগিজো স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে পাঁচ বৎসরের অভিজ্ঞতা, সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের অফিসে উক্ত অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।	জুনিয়ার হিসাব রক্ষক বা ক্যানিয়ার হিসাবে ৬ বৎসরের অভিজ্ঞতা।	
৬ সেকশান অফিসার	ঐ	(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :- (ক) উচ্চমান সহকারী, (খ) তত্ত্বাবধায়ক এবং (গ) টেনোশ্রাফার (পি.এ)। (২) পদোন্নতির জন্য কাছাকাড় যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা, সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের অফিসে উক্ত অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।	উচ্চমান সহকারী বা তত্ত্বাবধায়ক বা টেনোশ্রাফার (পি.এ) হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।	

৭ সিকিউরিটি অফিসার

ঐ

- (১) ৫০% নিম্নবর্তীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ১-
(ক) উচ্চমান সহকারী এবং
(খ) তত্ত্বাবধায়ক তবে পদোন্নতির জন্য কাহাকেও যোগ্য পাওয়া না গেলে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য এবং
(২) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।

স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা, সিভিল ডিফেন্স বা আনসার হিসাবে প্রশিক্ষণ থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।

উচ্চমান সহকারী বা তত্ত্বাবধায়ক হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।

৮ পারচেজ অফিসার

ঐ

- (১) উচ্চমান সহকারী, সিনিয়র অডিট সহকারী এবং সিনিয়র হিসাব সহকারী হইতে পদোন্নতির মাধ্যমে।
(২) পদোন্নতির জন্য কাহাকেও যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।

(ক) স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা, সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের অধিনে অগ্রাধিকার দেওয়া হইবে।

পদোন্নতির জন্য কর্তৃপক্ষে উচ্চমান সহকারী, সিনিয়র অডিট সহকারী অথবা সিনিয়র হিসাব সহকারী হিসাবে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫	৬
২	(ক) মার্কেট সুপারিনটেনডেন্ট (খ) কালেকশন সুপারিনটেনডেন্ট।	অনূর্ধ্ব ৩২ বৎসর	(১) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। (২) ৫০% উচ্চমান সহকারীদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণযোগ্য।	(ক) স্নাতক সংশ্লিষ্ট কাজে ৫ বৎসর অভিজ্ঞতা; তবে সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের অফিসে অভিজ্ঞতা অগ্রাধিকার হইবে।	কমপক্ষে উচ্চমান সহকারী হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।
১০	পি.এ (ষ্টেনোগ্রাফার)	অনূর্ধ্ব ২৭ বৎসর	(১) ৫০% ষ্টেনোগ্রাফি পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) শর্তহীন প্রতিনিয়মে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ এবং টাইপে যথাক্রমে ৪৫ ও ২০ শব্দের স্পীডসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট।	ষ্টেনোগ্রাফি হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।
১১	জুনিয়র হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩২ বৎসর	(১) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং (২) ৫০% ক্যান্সার পদ হইতে পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণযোগ্য।	(ক) বাণিজ্য স্নাতক ডিগ্রী (খ) হিসাবরক্ষণ বিষয়ে ৪ বৎসরের অভিজ্ঞতা।	ক্যান্সার হিসাবে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা।

১২ উচ্চমান সহকারী

অনুর্ধ্ব ৩০ বৎসর

- (১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :-
 (ক) নিম্নমান সহকারী-কাম টাইপিষ্ট,
 (খ) মেইনটেন্যান্স ইন্স-পেক্টর।
 (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।

- (ক) স্নাতক
 এবং
 (খ) যে কোন সংস্থায় ৩ বৎসরের অভিজ্ঞতা।
- নিম্নমান
 টাইপিষ্ট বা
 মেইনটেন্যান্স
 ইন্সপেক্টর হিসাবে কমপক্ষে ৩
 বৎসরের অভিজ্ঞতা।

১৩ ক্যান্সার

অনুর্ধ্ব ৩২ বৎসর

- (১) সিনিয়র অডিট সহকারী এবং সিনিয়র সহকারী ক্যান্সার এবং হিসাব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।
 (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।

- (ক) বাণিজ্য স্নাতক ডিগ্রী
 (খ) যে কোন সংস্থায় ক্যান্সার হিসাবে ৩ বৎসরের অভিজ্ঞতা।
- সিনিয়র অডিট সহকারী বা
 সিনিয়র হিসাব সহকারী হিসাবে ৩
 বৎসরের
 অভিজ্ঞতা।

- ১৪ (ক) সিনিয়র অডিট সহকারী।
 (খ) সিনিয়র হিসাব সহকারী।

অনুর্ধ্ব ৩০ বৎসর

- (১) নিম্নবর্ণিত প্রার্থীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:-
 (ক) নিম্নমান সহকারী-কাম-টাইপিষ্ট
 (খ) সহকারী ক্যান্সার।
 (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।

- (ক) বাণিজ্য স্নাতক ডিগ্রী
 (খ) অডিট এবং হিসাব বিষয়ে ৩ বৎসরের অভিজ্ঞতা।
- কর্তৃপক্ষ সহকারী ক্যান্সার
 বা নিম্নমান সহকারী-কাম-
 টাইপিষ্ট হিসাবে ৩ বৎসরের
 অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫	৬
১৫ টেনা-টাইপিষ্ট	অনুর্ধ্ব ২৭ বৎসর	<p>(১) নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক এর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।</p> <p>(২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>শর্তহীন প্রক্তি মিনিটে ইংরেজী ও বাংলায় ৭০ ও ৪৫ শব্দ এবং টাইপিং-এ প্রক্তি মিনিটে যথাক্রমে ২৮ ও ২৩ শব্দের স্পীডসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট।</p>	<p>নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক হিসাবে ও বৎসরের অভিজ্ঞতাসহ কলাম ৫-এ উল্লিখিত সংখ্যক শব্দের গতি।</p>	
১৬ তত্ত্বাবধায়ক	অনুর্ধ্ব ৩০ বৎসর	<p>(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :-</p> <p>(ক) নিম্নমান-বহকারী-কাম-টাইপিষ্ট,</p> <p>(খ) মেইনটেন্যান্স ইন্সপেক্টর।</p> <p>(২) পদোন্নতির জন্য কাহাকেও যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>(ক) স্নাতক ডিগ্রীধারী।</p> <p>(খ) সংশ্লিষ্ট বিষয়ে ও বৎসরের অভিজ্ঞতা।</p>	<p>নিম্নমান সহকারী-কাম-টাইপিষ্ট অথবা মেইনটেন্যান্স ইন্সপেক্টর হিসাবে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা।</p>	
১৭ নিম্নমান কাম-মুদ্রাক্ষরিক।	সহকারী-অনুর্ধ্ব ২৭ বৎসর	<p>(১) ৫০% ৪র্থ শ্রেণীর কথচারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির জন্য কাহাকেও যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণযোগ্য।</p> <p>(২) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>বাংলা ও ইংরেজী টাইপিং-এ প্রক্তি মিনিটে যথাক্রমে ২০ ও ৩০ শব্দের গতিসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট।</p>	<p>প্রশাসনিক বিভাগের ৪র্থ শ্রেণীর কথচারী হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ এস.এস.সি তৎসহ বাংলা ও ইংরেজী টাইপিং-এ প্রক্তি মিনিটে ২৫ ও ৩০ শব্দের গতি।</p>	

১৮	সহকারী ক্যান্সার	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) বাণিজ্য স্নাতক ডিগ্রী (খ) যে কোন সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্র ৩ বৎসরের অভিজ্ঞতা।
১৯	ড্রাইভার	অনুর্ধ্ব ২৭ বৎসর	ঐ	সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী এবং অষ্টম শ্রেণী পাস।
২০	পেপ ইমাম	অনুর্ধ্ব ৪০ বৎসর	ঐ	(ক) কামিল ডিগ্রীধারী (খ) ইমামতিতে ৫ বৎসরের অভিজ্ঞতা। জেনারেল লাইনে মেখাপড়া/কারী-নীপ হাফেজুল-উল-কোরানে অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।
২১	স্পীড বোট ড্রাইভার	অনুর্ধ্ব ২৭ বৎসর	ঐ	স্পীড বোট ড্রাইভিং-এ বৈধ লাইসেন্সধারী এবং অষ্টম শ্রেণী পাস।
২২	মেইনটেন্যান্স ইনসপেক্টর	অনুর্ধ্ব ৩০ বৎসর	ঐ	(ক) উচ্চ মাধ্যমিক পাস সার্টিফিকেট এবং (খ) সক্রিয়বকুল এবং পঞ্জীকৃত পরিচ্ছন্নতার কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫	৬
২৩ টাইপ রাইটার মেকানিক	ঈ	ঐ	<p>(১) দারোয়ান এবং সিকিউরিটি গার্ড হইতে পদোন্নতির মাধ্যমে।</p> <p>(২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>(ক) অষ্টম শ্রেণী পেশী লেখাপড়া।</p> <p>(খ) সফট বিয়ারে ও বৎসরের অভিজ্ঞতা।</p> <p>মাধ্যমিক পাস সার্টিফিকেট-ধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।</p>	..
২৪ ৪র্থ শ্রেণী : হেড দারোয়ান	অনুর্ধ্ব ৪০ বৎসর	<p>(১) দারোয়ান এবং সিকিউরিটি গার্ড হইতে পদোন্নতির মাধ্যমে।</p> <p>(২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>(ক) অষ্টম শ্রেণী পাস।</p> <p>(খ) ১০ বৎসরের কর্ম অভিজ্ঞতা। উক্ত যোগ্যতাসম্পন্ন সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত ব্যক্তিগণ অগ্রাধিকার পাইবে।</p>	<p>কর্তৃপক্ষ দারোয়ান অথবা সিকিউরিটি গার্ড হিসাবে ও বৎসরের অভিজ্ঞতা।</p>	
২৫ দপ্তরী	অনুর্ধ্ব ৩০ বৎসর	<p>(১) নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :- (ক) পিয়ন/আর্দালী, (খ) মালী।</p> <p>(২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>অষ্টম শ্রেণী পাসসহ সকল প্রকার বই বাঁধাই কাজে কর্মগুরু ও বৎসরের অভিজ্ঞতা।</p>	<p>পিয়ন/আর্দালী বা মালী হিসাবে ও বৎসরের অভিজ্ঞতা।</p>	

- ২৬ পাম্প ড্রাইভার
ঐ (১) সহকারী পাম্প ড্রাইভার
হইতে পদোন্নতির
মাধ্যমে।
(২) পদোন্নতির জন্য কাছাকাড়
যোগ্য পাওয়া না গেলে
সরাসরি নিয়োগের
মাধ্যমে।
- ২৭ কার্পেন্টার
ঐ (ক) অষ্টম শ্রেণী পাস,
(খ) সফট ট্রাইন
কমপক্ষে ৩ বৎসরের
অভিজ্ঞতা।
- ২৮ হেড সুইপার
ঐ (ক) অষ্টম শ্রেণী পাস
(খ) কার্পেন্টারী এবং পালিশের
কাজে কমপক্ষে ৩
বৎসরের অভিজ্ঞতা।
- ২৯ দারওয়ান
ঐ (ক) অষ্টম শ্রেণী পাস এবং
সুস্বাস্থ্যের অধিকারী সাম-
রিক বাহিনীর অবসরপ্রাপ্ত
ব্যক্তিগণকে অগ্রাধিকার
দেওয়া হইবে।
- ৩০ সিকিউরিটি গার্ড
ঐ (১) সহকারী পাম্প ড্রাইভার
হইতে পদোন্নতির
মাধ্যমে।
(২) পদোন্নতির জন্য কাছাকাড়
যোগ্য পাওয়া না গেলে
সরাসরি নিয়োগের
মাধ্যমে।
- অনুর্ধ্ব ৩০ বৎসর
- অনুর্ধ্ব ২৭ বৎসর।
সামরিক বাহিনীর
অবসরপ্রাপ্ত প্রার্থী-
গণের ক্ষেত্রে ৪০
বৎসর পর্যন্ত নিখিল-
যোগ্য।
- আড় দার অথবা মেধর হিসাবে
৫ বৎসরের অভিজ্ঞতা।
- আড় দার/মেধর হইতে
পদোন্নতির মাধ্যমে।
- কাজে কমপক্ষে ৩
বৎসরের অভিজ্ঞতা।
- কাজে কমপক্ষে ৩
বৎসরের অভিজ্ঞতা।
- নিয়োগের
মাধ্যমে।
- নিয়োগের
মাধ্যমে।
- প্রয়োজনীয়
অভাবে এই
নিয়োগের মাধ্যমে
পূরণযোগ্য।

১	২	৩	৪	৫	৬
৩১	(ক) আড়দার (খ) মেথর	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে। কিছু প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থীর অভাবে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য।	সুয়াশ্বের অধিকারী এবং আড়দারী এবং পরিষ্কার- পরিচ্ছন্নতার কাজে ও বৎসরের বাস্তব অভিজ্ঞতা। লেখাপড়া জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।	..
৩২	এম.এল.এস.এস (পিওন/আর্দালী)	অনুর্ধ্ব ২৭ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) অষ্টম শ্রেণী পাস এবং সাইকেল চালনায় পারদনী।	..
৩৩	মালী	অনুর্ধ্ব ৩০ বৎসর	ঐ	(ক) অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে ও বৎসরের কার্য অভিজ্ঞতা।	..
৩৪	মোমাজিন	অনুর্ধ্ব ২৭ বৎসর	ঐ	(ক) দাখিল পাস, (খ) কোরানে হাফিজ। সুমিষ্ট যয়ে আজান দিবায় দক্ষতা।	..
৩৫	খাদেম	ঐ	ঐ	(ক) অষ্টম শ্রেণী পাস। (খ) পবিত্র কোরান ও হাদিস পাঠে সক্ষম এবং আজানের জন্য সুমিষ্ট যরের অধিকারী, মসজিদ খাতু, দেওয়া, পরিষ্কার- পরিচ্ছন্ন রাখা এবং যত্র নেওয়ার কাজে দক্ষ।	..

৩৬ সহকারী পাম্প ড্রাইভার	অনূর্ণ ৩০ বৎসর	ঐ	(ক) অষ্টম শ্রেণী পাস।	..
৩৭ প্রসেস সার্ভার	অনূর্ণ ২৭ বৎসর	ঐ	(খ) সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের কর্ম অভিজ্ঞতা।	..
১ম শ্রেণী :				..
৩৮ প্রধান প্রকৌশলী	অনূর্ণ ৪৫ বৎসর		(ক) সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ, (খ) কমপক্ষে ১৫ বৎসরের অভিজ্ঞতা। এই ১৫ বৎসরের অভিজ্ঞতার মধ্যে সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে বা খাতনামা বাণিজ্য বা শিল্প প্রতিষ্ঠানে অন্ততঃ ১০ বৎসরের ১ম শ্রেণী পদে বা কোন দায়িত্বশীল পদে অধিষ্ঠিত থাকিতে হইবে। তাঁহাকে বিপুল সংখ্যক কারিগরী ব্যক্তিদের নিয়ন্ত্রণ এবং পরিচালনা করার উচ্চতর প্রশাসনিক সামর্থ্য থাকিতে হইবে। ইঞ্জিনিয়ারিং স্নাতকোত্তর ডিগ্রীধারী তৎসহ সেনেটরী ইঞ্জিনিয়ারিং বা টাউন প্ল্যানিং-এ ডিপ্লোমাধারীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসাবে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা।
			(১) তত্ত্বাবধায়ক প্রকৌশলীর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	
			(২) পদোন্নতির জন্য কাছাকাড় যোগ্য পাওয়া না গেলে প্রথমে বদলীর মাধ্যমে।	
			(৩) প্রথমে বদলীর জন্য যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	

১	২	৩	৪	৫	৬
৩৯	তথ্যাবধায়ক প্রকৌশলী	অনুর্ধ্ব ৪০ বৎসর	(১) নির্বাহী প্রকৌশলীর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে প্রেমাল বন্দীর মাধ্যমে অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) সিডিল ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী। (খ) নির্বাহী প্রকৌশল পদে বা ইহার সমতুল্য পদে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ৮ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	পদোন্নতির জন্য নির্বাহী প্রকৌশলী কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতাসহ ইঞ্জিনিয়ারিং।
৪০	নির্বাহী প্রকৌশলী	অনুর্ধ্ব ৩৫ বৎসর	(১) সহকারী প্রকৌশলী পদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) সিডিল ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী। (খ) সহকারী প্রকৌশলী অথবা সমতুল্য পদে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৬ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	সহকারী প্রকৌশলী হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪১	সহকারী নগর পরিকল্পনাবিদ	অনুর্ধ্ব ৪০ বৎসর	(১) ৫০% জুনিয়র গ্রানার বা জুনিয়র আর্কিটেক্টদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য কাছাকাছি যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণযোগ্য।	(ক) বি.এসসি, ইঞ্জিনিয়ারিং (সিভিল) বা মহাপত্য স্নাতক ডিগ্রী বা ডুগোল, সমাজ বিজ্ঞান, অর্থনীতিতে স্নাতক ডিগ্রী এবং তৎসহ টাউন প্লানিং/রিজিওনাল প্লানিং/আরবান প্লানিং-এ ডিপ্লোমাসহ টাউন প্লানিং-এ	জুনিয়র গ্রানার বা জুনিয়র আর্কিটেক্ট হিসাবে কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

(২) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	১০ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে বা টাউন প্ল্যানিং/রিজিওনাল প্ল্যানিং/আরবান প্ল্যানিং-এ ডিগ্রীধারী হইতে হইবে।
৪২ সহকারী প্রকৌশলী	<p>(১) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং</p> <p>(২) ৩৩% উপ-সহকারী প্রকৌশলী/এপ্লিমেন্টর/ওভারসিয়ার-এর মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য কাহাকেও যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণযোগ্য।</p>
অনূর্ণ ২৭ বৎসর	<p>(ক) ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রীধারী বা ইহার সমতুল্য শিক্ষাগত যোগ্যতার অধিকারী হইতে হইবে।</p> <p>(খ) সরকারী প্রতিষ্ঠান/বিধিবদ্ধ প্রতিষ্ঠানসমূহে বাস্তব প্রশিক্ষণ এবং অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।</p>
৪৩ জুনিয়র প্লানার	<p>(১) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং</p> <p>(২) ৫০% টাউন প্ল্যানিং/রিজিওনাল প্ল্যানিং/আরবান প্ল্যানিং-এ ডিপ্লোমাদারী এ্যাসিস্টেন্ট প্ল্যানিং অফিসার হইতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য কাহাকেও পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণযোগ্য।</p>
অনূর্ণ ৩০ বৎসর	<p>(ক) টাউন প্ল্যানিং/আরবান প্ল্যানিং-এ ডিগ্রী বা ডিপ্লোমাদারী।</p> <p>(খ) আধা-সরকারী অফিস বা স্বায়ত্বশাসিত সংস্থা/প্ল্যানিং প্রতিষ্ঠান/বিভাগে ৩ বৎসরের পূর্ব অভিজ্ঞতা থাকিতে হইবে।</p>
	<p>কর্তৃপক্ষে ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাদারী উপ-সহকারী প্রকৌশলী, ওভারসিয়ার বা এপ্লিমেন্টর হিসাবে কমপক্ষে ১০ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।</p>
	<p>এ্যাসিস্টেন্ট প্ল্যানিং অফিসার হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।</p>

১	২	৩	৪	৫	৬
৪৪ জুনিয়র আর্কিটেক্ট	এ	<p>(১) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং</p> <p>(২) ২৫% স্হাপত্য ডিপ্লোমাসহ এ্যাসিস্টেন্ট প্রানিং অফিসার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য কাহাকেও যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণযোগ্য।</p>	<p>(ক) টাউন প্রানিং-এ বৎসরের ডিপ্লোমা কোর্স সমাপ্তিসহ সমাজ বিজ্ঞানে এম.এ।</p> <p>টাউন প্রানিং/রিজিওনাল প্রানিং/আরবান প্রানিং-এ ডিগ্রী/ডিপ্লোমাসহ জুগোল এবং অর্থনীতিতে এম.এ।</p> <p>টাউন প্রানিং-এ অভিজ্ঞতাসহ স্হাপত্য বা সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রীধারী।</p> <p>(খ) স্হাপত্য ডিগ্রীধারী ৫ বৎসরের অভিজ্ঞতা।</p>	<p>প্রানিং-এ অফিসার হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।</p>	
২য় শ্রেণী :					
৪৫ এ্যাসিস্টেন্ট প্রানিং অফিসার।	অনুর্ধ ৪০ বৎসর	<p>(১) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে, এবং</p> <p>(২) ২৫% ড্রাফটসম্যান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির জন্য কাহাকেও যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এই কোটা পূরণযোগ্য।</p>	<p>টাউন প্রানিং/আরবান ডিপ্লোমাদারী অথবা আর্কিটেকচারাল প্রকৌশলী এবং লে-আউট প্রান ইত্যাদি অংকনে ১২ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন ড্রাফটসম্যান।</p>	<p>কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতাসহ কোয়ালিফাইড ড্রাফটসম্যান-এ অথবা ২০ বৎসরের অভিজ্ঞতাসহ নন-কোয়ালিফাইড ড্রাফটসম্যান।</p>	

৩য় শ্রেণী :

৪৬ উপ-সহকারী প্রকৌশলী

অনূর্ধ্ব ২৭ বৎসর

- (১) ৫০% নিম্নে বর্ণিত
কর্মচারীদের মধ্য হইতে
পদোন্নতির মাধ্যমে :—
(ক) ইয়ারত পরিদর্শক ;
(খ) সার্ভেয়ার ও এন্টিমেন্ট
(সার্ভে ফাইনাল
পাশসহ) এবং
ওভারশিয়ার ও
ড্রাফটসম্যান ; তবে
পদোন্নতির জন্য
কাহাকেও যোগ্য
পাওয়া না গেলে
সরাসরি নিয়োগের
মাধ্যমে ।

(২) ৫০% সরাসরি নিয়োগের
মাধ্যমে ।

অনূর্ধ্ব ৪০ বৎসর

৪৭ হেড-মেকানিক

- (১) সহকারী মেকানিক হইতে
পদোন্নতির মাধ্যমে ।
(২) তবে পদোন্নতির জন্য
কেহই যোগ্য বিবেচিত না
হইলে সরাসরি নিয়োগের
মাধ্যমে ।

(ক) সিভিল ইঞ্জিনিয়ারিং-এ
ডিপ্লোমা ।

(খ) পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী-
দের অগ্রাধিকার দেওয়া
হইবে ।

(ক) সার্ভেয়ার, ইয়ারত
পরিদর্শক, এন্টিমেন্ট
হিসাবে কমপক্ষে ৪
বৎসরের অভিজ্ঞতা ।
(খ) ওভারশিয়ার
ড্রাফটসম্যান হিসাবে
১০ বৎসরের
অভিজ্ঞতা ।

সহকারী মেকানিক হিসাবে
কমপক্ষে ৬ বৎসরের
অভিজ্ঞতা থাকিতে হইবে ।

(ক) মেকানিক্যাল/পাওয়ার/
ইলেকট্রিক্যাল ইঞ্জি-
নিয়ারিং-এ ২(দুই)
বৎসরের সার্টিফিকেট
কোর্স পাস হইতে
হইবে ।

(খ) অথবা সরকারী, আধা-
সরকারী অথবা খাতনামা
বাণিজ্যিক প্রতিষ্ঠানে ৮
বৎসরের অভিজ্ঞতা
থাকিতে হইবে ।
অভিজ্ঞতাসহ যতপাতি
মেরামত রক্ষণাবেক্ষণে
সক্ষম যান্ত্রিক কারখানায়
১৫ বৎসরে কর্ম অভিজ্ঞতা
থাকিতে হইবে ।

১	২	৩	৪	৫	৬
৪৮	ড্রাফটসম্যান (গ্রেড-১ হইতে ৪)	অনূর্ণ ৩০ বৎসর	(১) ৫০% ট্রেসার হইতে পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতির জন্য কাছাকাড় যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে, এবং (২) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে ।	(ক) নকশাবিদ হিসাবে ডিপ্লোমা থাকিতে হইবে, এবং (খ) কমপক্ষে ৩ বৎসরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে ।	ট্রেসার হিসাবে কমপক্ষে ১০ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে ।
৪৯	ট্রেসার	অনূর্ণ ২৭ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) এইচ. এস. সি পাস এবং কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে নকশাবিদ্যার সার্টিফিকেটধারী হইতে হইবে । (খ) ট্রেসিং-এর কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে ।	..
৫০	এক্সিমেন্টর	ঐ	ঐ	(ক) সিলভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা পাস । (খ) এই লাইসেন্সে অভিজ্ঞ হইলে নিয়োগের জন্য অগ্রাধিকারযোগ্য ।	..
৫১	সার্ভেয়ার	ঐ	ঐ	(ক) এইচ. এস. সি এবং সার্ভে ফাইনাল পরীক্ষায় পাস হইতে হইবে । (খ) মাহাপের অভিজ্ঞতা আছে তাহারা অগ্রাধিকার-যোগ্য ।	..

১	২	৩	৪	৫	৬
৫৬	ইলেকট্রিশিয়ান	অনূর্ণ ৩২ বৎসর	৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে :— (১) অটো-ইলেকট্রিশিয়ানের পদ হইতে মাধ্যমে । (২) পদোন্নতির জন্য কেহই যোগ্য বিবেচিত না হইলে সরাসরি নিয়োগের মাধ্যমে ।	(ক) অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া । (খ) ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ বৈধ এ. বি. সি লাইসেন্সসম্বলী হইতে হইবে ।	পদোন্নতির জন্য : কর্তৃপক্ষ অটোইলেকট্রিশিয়ান হিসাবে ৪ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে ।
৫৭	সহকারী মেকানিক	ঐ	(১) হেলপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতির জন্য কেহই যোগ্য বিবেচিত না হইলে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে, এবং (২) ৫০% পদোন্নতির মাধ্যমে ।	(ক) অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া । (খ) টেকনিক্যাল ওয়ার্কসপে মেকানিক্যাল এনিস্ট্রুট হিসাবে কাজের ৪ বৎসরের অভিজ্ঞতা ধারিত হইবে ।	পদোন্নতির জন্য : হেলপার মেকানিক্যাল হিসাবে ৪ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে ।
৫৮	অটো-ইলেকট্রিশিয়ান	ঐ	(১) ইলেকট্রিক হেলপার হইতে পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতির জন্য কাহাকেও যোগ্য পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য । (২) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে ।	(ক) অষ্টম শ্রেণী পাস । (খ) অটো-ইলেকট্রিক্যাল পার্টস- এর মেরামত ও রক্তনাবেকন কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা ধারিত হইবে ।	ঐ

৪র্থ শ্রেণী :

৫৯	দ্বিখণ্ড মেকানিক	ঐ	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) অষ্টম শ্রেণী পাস। (খ) দ্বিখণ্ড মেকানিকাল কাজে কমপক্ষে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
৬০	বিখণ্ডীয়মান	ঐ	১০০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) অষ্টম শ্রেণী পাস। (খ) এই লাইনে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।
৬১	এসকেবকটির অপারেটর	ঐ	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) অষ্টম শ্রেণী পাস। (খ) এই লাইনে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।
৬২	হেলপার (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল)	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অষ্টম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে তিন বৎসরের অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫	৬
৬৩	চেইনম্যান	ঐ	ঐ	অষ্টম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে তিন বৎসরের অভিজ্ঞতা।	..
৬৪	ইনেক্ট্রিক হেল্পার	ঐ	ঐ	ঐ	..

অতিরিক্ত আদেশক্রমে

এ, বি, চৌধুরী

সচিব।

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।

সোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কম্পিউটার, বাংলাদেশ সরকারী মুদ্রাগার, ঢাকা কর্তৃক মুদ্রিত।
 মোঃ নূরুজ্জামান করিম, ডেপুটি কম্পিউটার, বাংলাদেশ সরকার ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
 কর্তৃক প্রকাশিত।